…িক ইত্তেফাক

তারিখ …
পৃষ্ঠা … কলাম …

# সিলেটে বেসরকারী শিক্ষকদের বেতনের সরকারী অংশ না দেওয়ায় ক্ষোভ

সিলেট অফিস ।। বাংলাদেশ শিক্ষক সমিতি (বাশিস) সিলেট সদর উপজেলা শাখার বর্ধিত সভা শহরের দক্ষিণ সুরমা নাছিবা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ে গত রবিবার অনুষ্ঠিত হয়। উপজেলা বাশিস সভাপতি এ এইচ এম ইসরাইল আহমদের সভাপতিত্বে সভায় বক্তারা বেসরকারী হাইস্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক শিক্ষিকা ও কর্মচারীদের জুন ও জুলাই মাসের বেতনের সরকারী অংশ প্রদান না করায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হয়। বক্তারা বাশিসের ন্যায্য দাবী-দাওয়া মানিয়া নেওয়ারও আহ্বান জানান। বক্তারা 'কালো চুক্তির' প্রতিবাদে আগামী ২৪শে আগষ্ট দেশব্যাপী 'কালো দিবস' সফল করিয়া তোলার প্রত্যয় ব্যক্ত করিয়া বলেন, ঐদিন বিকালে রসময় মেমোরিয়েল হাইস্কুলে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হইবে। তাহারা টাইম স্কেল প্রবর্তনসহ বাৎসরিক ইনক্রিমেন্ট, ইনক্রিমেন্টের বকেয়া, বেতনের ৪০ ভাগ বাড়ী-ভাড়া ইত্যাদি কার্যকর করারও দাবী জানান। সিলেট শহরের টিবি হাসপাতাল সংলগ্ন এলাকার নির্মীয়মাণ সিলেট টিটি কলেজের প্রশিক্ষণমূলক কার্যক্রম আগামী ২০০১-২০০২ সেশন হইতে চালুর দাবী জানান। বক্তব্য রাখেন রমজান আলী, আজিজুল হক চৌধুরী, ফরিদ উদ্দিন চৌধুরী, আবদুর রাজ্জাক প্রমুখ শিক্ষক।